

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১১৮৫৬

তারিখঃ ১৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
০১ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ অষ্টম ও দশম শ্রেণির নির্বাচনি পরীক্ষা, একাদশ শ্রেণির নবীনবরণ এবং শিশু ও প্রথম শ্রেণির এক দিনের ছুটি প্রসঙ্গে।

শিশু শ্রেণি, প্রথম শ্রেণি, অষ্টম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণির সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে-

(ক) ২৩ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ রবিবার থেকে নির্বাচনি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এজন্য দশম শ্রেণির শিক্ষার্থীদের 'নির্বাচনি' পরীক্ষার প্রস্তুতির জন্য ১৭ সেপ্টেম্বর ২০১৮ হতে ২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ পর্যন্ত শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে।

তবে উল্লেখ থাকে যে, ২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার দুপুর ১২:০০ - ১:০০ মিনিট পর্যন্ত দশম শ্রেণির নিজ নিজ ক্লাসে বিশেষ অনুশীলনের মূল্যায়নকৃত উত্তরপত্র দেওয়া হবে।

সম্মানিত বিষয়শিক্ষকগণকে বিশেষ অনুশীলন পরীক্ষার মূল্যায়নকৃত উত্তরপত্র ২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার সকাল ১১:০০ মিনিটের মধ্যে সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষকের নিকট জমা দিতে বলা হলো।

(খ) এবং ১৯ সেপ্টেম্বর ২০১৮ থেকে ৮ম শ্রেণির শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে নির্বাচনি পরীক্ষার প্রস্তুতির জন্য।

(গ) ১৯ সেপ্টেম্বর ২০১৮ বুধবার একাদশ শ্রেণির 'নবীনবরণ - ২০১৮' উপলক্ষে বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম সকাল ১১:৫০ মিনিটে ছুটি হয়ে যাবে। এবং ঐ দিন একাদশ ও দ্বাদশ শ্রেণির পাশাপাশি 'শিশু শ্রেণি' ও 'প্রথম শ্রেণির' শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। ২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ থেকে শ্রেণিকার্যক্রম যথারীতি চলবে।

বিষয়টি সকলপক্ষকে আন্তরিকভাবে নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

ড. উম্মে সালেমা বেগম
অধ্যক্ষ

স্মারক নং: উবি-০৬/২০০৭-১১৮৫৬

তারিখঃ ১৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
০১ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-

- ১। ৮ম ও ১০ম শ্রেণির শ্রেণিশিক্ষকবৃন্দ
- ২। অফিস কপি (প্রশাসন)
- ৩। সমন্বয়কারী
- ৪। নোটিশ বোর্ড